জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
রহমানিয়া টাওয়ার (২য় তলা), ৩৬১,
এম. সাইফুর রহমান সড়ক, সদর,মৌলভীবাজার-৩২০০
জেলা কার্যালয়, মৌলভীবাজার
http://bfsa.moulvibazar.gov.bd

## “নিরাপদ খাদ্য বিষয়ে গৃহিণীদের সাথে সচেতনতামূলক উঠান বৈঠক” এর প্রতিবেদন

স্থান: কন্নিগ্রাম, রাজনগর, মৌলভীবাজার।
তারিখঃ ০৯/০৯/২০২৫ খ্রি. সময়ঃ বিকাল ০৪:০০ ঘটিকায়

নিরাপদ খাদ্য বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ০৯ সেপ্টেম্বর ২০২৫ খ্রি. তারিখে রোজ মঙ্গলবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, মৌলভীবাজার কর্তৃক মৌলভীবাজার জেলার রাজনগর উপজেলার কন্নিগ্রাম এলাকার কালাই মিয়ার বাড়ির আঙ্গিনায় গৃহিণীদের নিয়ে উঠান বৈঠক আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে আলোচক হিসেবে ছিলেন মৌলভীবাজার জেলার জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক জনাব মোঃ আল-আমিন । এসময় তিনি গৃহিণীদের কেন নিরাপদ খাদ্য দরকার, খাদ্য অনিরাপদ হলে আমাদের স্বাস্থ্যের কতটুকু ক্ষতি হবে, তা বিস্তারিত আলোচনা করেন। তিনি আর ও বলেন, অনিরাপদ খাদ্য আমাদের নিজের তথা পরিবারের জন্য কেন হুমকি তা থেকে পরিত্রানের জন্য অবশ্যই নিরাপদ খাদ্যের প্রয়োজনীয়তা ব্যাপক। তিনি আরোও বলেন ঘরে তৈরি খাবারই সবচেয়ে বেশি নিরাপদ যা পরিবারের সবাইকে সুস্থ রাখে। বাইরের খাবার থাকে অস্বাস্থ্যকর, নোংরা ও বাসি পচা যা ভালো খাবারের সাথে মিশ্রিত করে রাখে।

নিরাপদ খাদ্য অফিসার, জনাব মো: শাকিব হোসাইন বলেন জীবন ও স্বাস্থ্য ঠিক রাখতে হলে নিরাপদ খাদ্য প্রয়োজন। তিনি তাদেরকে পরিষ্কার পরিচ্ছন্নতা, খাবার সঠিক তাপমাত্রায় রান্না করা এবং সেই খাবার পরিবারের সদস্যদের নিয়ে গ্রহন করা সবই হতে হবে নিরাপদ। তিনি আর ও বলেন, বাসায় ফ্রিজের ব্যবহার সঠিকভাবে করতে হবে। কাচা ও রান্না করা খাবার একত্রে না রাখতে, একই তেল দিয়ে বারবার রান্না না করতে। বাজার থেকে শাকসবজি ভালোভাবে ধুয়ে তারপর রান্না করতে। পরিশেষে তাদেরকে পারিবারিক খাদ্য নির্দেশিকা বই, লিফলেট ও পোস্টার বিতরণ করার মাধ্যমে উক্ত উঠান বৈঠকের সমাপ্তি হয়।

০৯.০৯.২০২৫

(মোঃ শাকিব হোসাইন)
নিরাপদ খাদ্য অফিসার (অ.দা)
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
জেলা কার্যালয়, মৌলভীবাজার
মোবাইলঃ ০১৯৫৫৬৭৬০৬৯
fso.moulvibazar@bfsa.gov.bd

**<u>নিরাপদ খাদ্য বিষয়ে গৃহিণীদের সাথে সচেতনতামূলক উঠান বৈঠক কার্যক্রমের স্থির চিত্র:</u>**






**চিত্র: স্থান: কন্নিগ্রাম, রাজনগর, মৌলভীবাজার।**

০৯.০৯.২০২৫
(মোঃ শাকিব হোসাইন)
নিরাপদ খাদ্য অফিসার (অ.দা)
জেলা কার্যালয়, মৌলভীবাজার
মোবাইলঃ ০১৯৫৫৬৭৬০৬৯
fso.moulvibazar@bfsa.gov.bd